গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.২৭.০১১.১৬. ১৩৫

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭ / ২৭ আগস্ট ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্যের ১(এক)টি শূণ্য পদ পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সাম্প্রতিক তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, জীবন-বৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদের সত্যায়িত ফটোকপিসহ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

২। সদস্য পদে নিয়োগের জন্য প্রার্থীগনকে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবেঃ

সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫(পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ খনি ও খনিজ সম্পদ, কেমিক্যাল, মেকানিক্যাল অথবা পেট্রোলিয়াম বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী প্রকৌশলী।

৩। নিয়োগ, কার্যকাল, বেতন, ভাতা, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্ত:

ক. রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হয়ে উক্ত সদস্যগণ কমিশনের সার্বক্ষণিক কর্মকর্তা হবেন।

খ. প্রতিমাসে মূল বেতন বাবদ ৯৫,০০০/- টাকা, বাড়ি ভাড়া বাবদ ৫০,৬০০/- টাকা, নিজের ও পরিবারবর্গের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন।

গ. নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (২০০৫ ও ২০১০ সালে সংশোধিত) দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ঘ. নিযুক্তির পর সদস্য হিসেবে কার্যকাল, কার্যভার গ্রহণের তারিখ হতে ৩(তিন) বৎসর হবে।

ঙ. সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণ'কে তাঁদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে এবং উক্তরূপ নিয়োগের জন্য নির্বাচিত হলে সরকারি চাকরির অবসান ঘটিয়ে উক্ত পদে যোগ দিতে হবে।

৪। অযোগ্যতা:

(১) কোন ব্যক্তি সদস্য হিসেবে নিযুক্ত হবার বা থাকবার যোগ্য হবেন না, যদি তিনি-

ক) বাংলাদেশের নাগরিক না হন;

খ) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসাবে ঘোষিত হন;

গ) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; এবং

ঘ) নৈতিক স্খলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হয়ে আদালত কর্তৃক অন্যূন দুই বৎসর বা তদুর্ধ্ব মেয়াদের কারাদন্ডে দন্ডিত হয়েছেন এবং উক্ত দন্ড হতে মুক্তিলাভের পর পাঁচ বৎসর সময় অতিক্রান্ত হয়নি।

(২) কমিশনের আওতাভুক্ত কোন কিছুতে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন কোন ব্যক্তি সদস্য পদে নিয়োগ লাভের যোগ্য হবেন না।

(৩) সদস্য হিসেবে নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে এনার্জি খাতে ব্যবসায়িক স্বার্থে জড়িত হতে/থাকতে পারবেন না।

৫। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্বান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ২(দুই) সেট আবেদনপত্র (সকল সংলগ্নীসহ) ২০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে দাখিল/প্রেরণ করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। এ বিজ্ঞপ্তিটি www.emrd.gov.bd, www.powerdivision.gov.bd এবং www.berc.org.bd ওয়েবসাইট ঠিকানায় দেখা যাবে।

(শামীমা ফেরদৌস)
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ফোন:৯৫৫১১৪৩
ই-মেইল:dsadmin3@emrd.gov.bd